



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ তাঁত বোর্ড
সংস্থাপন শাখা



৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.bhb.gov.bd

স্মারক নম্বর: ২৪.০৫.০০০০.৫১১.২২.০০১.২০-১৩৬

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৭

০৭ মে ২০২০

বিষয়: **ব্যাখ্যা তলব প্রসঙ্গে।**

- সূত্র: সূত্রঃ ১।জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ মার্চ, ২০২০খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১১০.০০.০৪.২০-৩৪৭ নং স্মারক।
সূত্রঃ ২।বাংলাদেশ তাঁত বোর্ডের ২৪ মার্চ, ২০২০খ্রিঃ তারিখের ২৪.০৫.০০০০.৫১১.৯৯.০০২.১৯-৯৭ নং স্মারক।
সূত্রঃ ৩।জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫ এপ্রিল, ২০২০খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭৬ নং স্মারক।
সূত্রঃ ৪।জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০ এপ্রিল, ২০২০খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭৮ নং স্মারক।
সূত্রঃ ৫।চেয়ারম্যান মহোদয়ের মৌখিক নির্দেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্রোক্ত ১ নং পত্রে দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত ছুটির সময়ে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদেরকে নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার জন্য অনুরোধ করা হয়। সে আলোকে বাংলাদেশ তাঁত বোর্ডের সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এ আদেশকে যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। উল্লিখিত নির্দেশনা অবগত হওয়ার পরও আপনি ২৫ মার্চ, ২০২০ তারিখে কর্মস্থল ত্যাগ করেছেন এবং ২ সপ্তাহ পর পুনরায় কর্মস্থলে আগমন করেন। নির্দেশনা অমান্য করে ১৪ দিন আপনি কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। পরবর্তীতে এপ্রিল, ২০২০ এর শেষ সপ্তাহে আবার বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করেন এবং ১ সপ্তাহ পর পুনরায় কর্মস্থলে আগমন করেন। যার ফলে করোনা ভাইরাসজনিত দুর্যোগের ক্ষতিগ্রস্ত প্রান্তিক তাঁতিদের ত্রান/আর্থিক সহায়তা প্রদানের জন্য সঠিক তালিকা প্রস্তুতের কাজ বিলম্বিত হওয়ার পাশপাশি স্থানীয় উপজেলা/জেলা প্রশাসনের সাথে সার্বিক যোগাযোগ ব্যাহত হয়েছে। লকডাউন থাকা অবস্থায় বারবার আপনার এক জেলা থেকে অন্য জেলা গমন করা করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের ঝুঁকি সৃষ্টি করেছে। যা বাঁটাবো চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ২ নং প্রবিধানের (ক)(১)(২)(৩) অনুযায়ী অসদাচরণ, উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ ও কর্তব্যে গুরুতর অবহেলার সামিল।

এমতাবস্থায়, আপনার এহেন কার্যকলাপের জন্য কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তা পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৭-৫-২০২০

মোঃ আহসান হাবিব

সচিব

ফোন: ৯১২৪৪০৯

ফ্যাক্স: ৯১১৯৮২৫

জনাব জুয়েল চন্দ্র পাল, লিয়াজোঁ অফিসার
বেসিক সেন্টার সাঁথিয়া।

ইমেইল: bhb.gov@gmail.com

স্মারক নম্বর: ২৪.০৫.০০০০.৫১১.২২.০০১.২০-১৩৬ /১(৪)

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৭
০৭ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সদস্য , সদস্য (সমিতি ও বাজারজাতকরণ) এর দপ্তর, বাংলাদেশ তাঁত বোর্ড
- ২) সদস্য , সদস্য (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ তাঁত বোর্ড
- ৩) সদস্য , সদস্য (পরিকল্পনা ও বাস্তবায়ন) এর দপ্তর, বাংলাদেশ তাঁত বোর্ড
- ৪) সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ তাঁত বোর্ড



৭-৫-২০২০

মোঃ আহসান হাবিব
সচিব